

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)  
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো কর্মসূচি  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.১৭৬.২২.০৩৩


তারিখ: ৩১ জানুয়ারি, ২৪

বিষয় : ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গ্রামীণ মহিলাদের জীবনমান উন্নয়ন ও ক্ষমতায়নের জন্য বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি (ইরেসপো) ও ২য় পর্যায়ে প্রকল্পটি বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্প সংশ্লিষ্ট সকল কার্যক্রম সুষ্ঠু বাস্তবায়নে সঠিক দিক নির্দেশনার গাইডলাইন হিসেবে প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকা রয়েছে। বর্ণিত বাস্তবায়ন নির্দেশিকার অনুচ্ছেদ ৫.৭ (ক) অনুযায়ী ব্যক্তি পর্যায়ে ক্ষুদ্র ঋণ সহায়তা প্রথমবার নতুন সদস্যর ক্ষেত্রে সর্বোচ্চ ০.৩০ লক্ষ টাকা। পরবর্তী পর্যায়সমূহে প্রতিবারে ৩০% করে বৃদ্ধি করা যাবে। তবে বিশেষ ক্ষেত্রে আইজিএ বিবেচনায় ও পূর্ববর্তী ঋণ ন্যূনতম ৭৫% কিস্তিতে যথাসময়ে পরিশোধ করলে ২য় পর্যায়ে সর্বোচ্চ ০.৭৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা যাবে। এছাড়া ব্যক্তি পর্যায়ে ক্ষুদ্র ঋণের সর্বোচ্চ সিলিং হবে ১.০০ লক্ষ টাকা।

২। ঋণ কার্যক্রম পরিচালনার জন্য ব্যবহৃত ৩৬০ মাইক্রোফিন সফটওয়্যার পর্যালোচনায় দেখা যায় গঞ্জাচড়া, রংপুর উপজেলায় বাস্তবায়ন নির্দেশিকা অনুসরণ না করে অনেক সুফলভোগী সদস্যদের ১ম দফায় সর্বোচ্চ ০.৩০ লক্ষ টাকার স্থলে আপনার ইচ্ছানুযায়ী ঋণ বিতরণ করেছেন। এছাড়া অনিয়মতান্ত্রিকভাবে আপনি ঋণের সিলিং বৃদ্ধি করে ঋণ বিতরণ করেন। এক্ষেত্রে দেখা যায় আপনি নীতিমালা বহির্ভূতভাবে ২য় দফায় সর্বোচ্চ ১.০০ লক্ষ টাকা ঋণ বিতরণ করেছেন। এছাড়া উদ্যোক্তা ঋণ সদর দপ্তরের অনুমোদনক্রমে বিতরণের নির্দেশনা থাকলেও আপনি অসং উদ্যোগে কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে সদস্যদের উদ্যোক্তা ঋণ বিতরণ করেছেন। তাছাড়া উক্ত উপজেলায় স্কুল ও ইউনিয়ন নির্বাচন কমিটি কর্তৃক নির্বাচিত ইউনিয়ন বহির্ভূত ইউনিয়নে প্রকল্প কার্যক্রম পরিচালনা করছেন, যা প্রকল্প কার্যক্রম তথা সরকারি দায়িত্ব পালনে আপনার স্বেচ্ছাচারিতার বহিঃপ্রকাশ। উপজেলার আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে নীতিমালা বহির্ভূতভাবে ঋণের সিলিং বৃদ্ধি করা, কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করে অনুমোদন ব্যতিরেকে উদ্যোক্তা ঋণ বিতরণ ও প্রকল্প কার্যক্রম তথা সরকারি দায়িত্ব পালনে আপনার স্বেচ্ছাচারিতামূলক আচরণ অফিস শৃঙ্খলা পরিপন্থী।

এমতাবস্থায়, আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা, নীতিমালা বহির্ভূত কার্যক্রম পরিচালনা, কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করা, অদক্ষতা এবং স্বেচ্ছাচারিতামূলক আচরণের অভিযোগে অভিযুক্ত করে বিআরডিবি'র প্রশাসন বিভাগ-কে আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করার জন্য কেন অনুরোধ করা হবে না তার জবাব আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করার জন্য বলা হলো।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
কর্মসূচি পরিচালক

জনাব মো: আব্দুল মান্নান  
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,  
বিআরডিবি, গঞ্জাচড়া, রংপুর।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. যুগ্মপরিচালক (প্রশাসন), বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩. উপপরিচালক, বিআরডিবি, জেলা: রংপুর।
৪. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৬. পরিচালক (প্রশাসন) মহোদয়ের একান্ত সহকারি, বিআরডিবি, ঢাকা।